যায়যায়দিন

তারিখ ২১ JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম ৭

### সংবাদ সম্মেলনে হুশিয়ারি

# শিক্ষকরা সন্ত্রাসের শিকার হলে কঠোর কর্মসূচি

**বরিশাল অফিস**

চাঁদা না দেয়ায় মুলাদীর এক কলেজ শিক্ষক সন্ত্রাসীদের হাতে শারীরিকভাবে লাঞ্ছিত হয়েছেন। এ ঘটনায় শিক্ষক বাদী হয়ে থানায় মামলা করলে সন্ত্রাসীরা তাকে প্রাণনাশের হুমকিও দিয়েছে। ঘটনার প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে জাতীয় শিক্ষক-কর্মচারী ফ্রন্ট বরিশাল আঞ্চলিক শাখার সদস্যরা। গতকাল সকাল ১১টায় বাকশিস কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন এ সংগঠনের আহ্বায়ক অধ্যাপক মহসিন উল ইসলাম হাবুল। সংবাদ সম্মেলনে জানানো হয়, ১২ জানুয়ারি বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি বরিশাল আঞ্চলিক শাখার সাংগঠনিক সম্পাদক ও মুলাদী ডিগ্রি কলেজের গণিত বিভাগের শিক্ষক মির্জা সরোয়ার উদ্দিনের মোবাইল ফোনে ০১৭৩৫১৩৭৭৭৩ নাম্বার থেকে একটি কল আসে। এ সময় সন্ত্রাসীরা তার কাছে ৫০ হাজার টাকা চাঁদা দাবি করে। তিনি এ চাঁদা দিতে অস্বীকৃতি জানালে তাকে হত্যার হুমকিও দেয়া হয়। ১৪ জানুয়ারি সকাল ৯টায় মির্জা সরোয়ারকে কলেজ গেটের সামনে সুমনসহ কয়েকজন তাকে মারধর করে।